

## আল-ইসরা (বনী-ইসরাঈল) | Al-Isra (Bani-Israil) | الْإِسْرَاءُ (بَنِي إِسْرَائِيل)

আয়াতঃ ১৭ : ১০৩

আরবি মূল আয়াত:

فَارَادَ أَنْ يَسْتَفِزَّهُمْ مِنَ الْأَرْضِ فَأَغْرَقْنَاهُ وَمَنْ مَّعَهُ جَمِيعًا ﴿١٠٣﴾

অনুবাদসমূহ:

অতঃপর সে তাদেরকে দেশ থেকে উৎখাত করার ইচ্ছা করল; তখন আমি তাকে ও তার সাথে যারা ছিল সকলকে ডুবিয়ে দিলাম। — আল-বায়ান

অতঃপর ফিরআউন তাদেরকে দুনিয়া থেকে সরিয়ে দিতে চাইল। তখন আমি তাকে আর তার সঙ্গী-সাথীদের সবাইকে ডুবিয়ে মারলাম। — তাইসিরুল

অতঃপর ফিরআউন তাদেরকে দেশ হতে উচ্ছেদ করার সংকল্প করল; তখন ফিরআউন ও তার সঙ্গীদের সকলকে আমি নিমজ্জিত করলাম। — মুজিবুর রহমান

So he intended to drive them from the land, but We drowned him and those with him all together. — Sahih International

১০৩. অতঃপর ফিরআউন তাদেরকে দেশ থেকে উচ্ছেদ করার ইচ্ছা করল; তখন আমরা তাকে ও তার সঙ্গীদের সবাইকে নিমজ্জিত করলাম।(১)

(১) এটিই হচ্ছে এ কাহিনীটি বর্ণনা করার মূল উদ্দেশ্য। মক্কার মুশরিকরা মুসলিমদেরকে এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আরবের মাটি থেকে উৎখাত করার লক্ষ্যে কাজ করে যাচ্ছিল। যেমন অন্য আয়াতে বলা হয়েছে, আর তারা আপনাকে দেশ থেকে উৎখাত করার চূড়ান্ত চেষ্টা করেছিল আপনাকে সেখান থেকে বহিস্কার করার জন্য; তাহলে আপনার পর তারাও সেখানে অল্পকাল টিকে থাকত। [সূরা আল-ইসরাঃ ৭৬]

তাই তাদেরকে শুনানো হচ্ছে, ফিরআউন এসব কিছু করতে চেয়েছিল মূসা ও বনী ইসরাঈলের সাথে। কিন্তু কার্যত হয়েছে এই যে, ফিরআউন ও তার সাথীদেরকে নির্মূল ও নিশ্চিহ্ন করে দেয়া হয়েছে এবং পৃথিবীতে মূসা ও তার অনুসারীদেরকে বসবাস করার ব্যবস্থা করা হয়েছে। এখন তোমরাও যদি এ একই পথ অবলম্বন করো তাহলে তোমাদের পরিণামও এর থেকে ভিন্ন কিছু হবে না।

তাফসীরে জাকারিয়া

(১০৩) অতঃপর ফিরআউন তাদেরকে দেশ হতে উচ্ছেদ করবার ইচ্ছা করল; তখন আমি ফিরআউন ও তার সঙ্গীগণ সকলকে নিমজ্জিত করলাম।

-

তাফসীরে আহসানুল বায়ান

🔗 Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2132>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন